

২০২৩

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমিস্টার

কোর্স কোড : BNG-H-CC-T-5

(কথাসাহিত্যের রূপভেদ ও বাংলা ছোটগল্প)

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

ক) রচয়িতার নামসহ একটি ঐতিহাসিক উপন্যাসের নাম লেখো।

খ) আঞ্চলিক উপন্যাসের সংজ্ঞা ও একটি উদাহরণ দাও।

গ) 'অনধিকার প্রবেশ' গল্পটি রচনার প্রেক্ষাপট সম্পর্কে লেখো।

ঘ) 'স্বীর পত্র' গল্পটি কবে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

ঙ) 'অতিথি' গল্পে তারাপদর সঙ্গে প্রথম সাক্ষাতের সময় চারুর বয়সের কী নির্দেশিকা ছিল?

(পরের পাতায়)

- চ) 'জীবিত ও মৃত' গল্পে কাদম্বিনীকে দাহ করতে গিয়ে কারা মৃতদেহ আগলে বসেছিল?
- ছ) 'নিশীথে' গল্পের মূল তিনটি চরিত্রের নাম লেখো।
- জ) 'লম্বকর্ণ' গল্পের রায়বাহাদুরের স্ত্রী, পুত্র ও কন্যার নাম লেখো।
- ঝ) 'দেবী' গল্পের পরিকল্পনায় লেখক কার কাছে ঋণী? তা কোন্ দিক থেকে?
- ঞ) "খালি জন্ম দিলেই বাপ হয় না, অন্ন দিলেও হয়" — কে, কার উদ্দেশে উক্তিটি করেছে?
- ট) 'পোনাঘাট পেরিয়ে' গল্পটি কোন্ গল্পসংকলন গ্রন্থের অন্তর্ভুক্ত? তার প্রকাশকাল লেখো।
- ঠ) 'তবে যে সবাই বলতেছে ই বানে কেউ মরবে না?' — কে বলেছে? কোন্ বানের কথা বলা হয়েছে?
- ড) খোঁড়া শেখ কার সামনে কোন্ গানটি গেয়েছিল?
- ঢ) চলিত রীতিতে লেখা রবীন্দ্রনাথের প্রথম গল্প কোন্টি? সেটি কী ধরনের গল্প?
- ণ) 'হারাণের নাতজামাই' গল্পে উল্লিখিত 'তেভাগা' শব্দটির তাৎপর্য লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- ক) সামাজিক উপন্যাসের সংজ্ঞা দাও। এর বৈশিষ্ট্যগুলি লেখো।
- খ) অলৌকিক বিষয় নয়, 'দক্ষিণাচরণের মনোবিকার রয়েছে নিশীথে' গল্পের কেন্দ্রে - আলোচনা করো।

- গ) 'জীবিত ও মৃত' গল্পের কাদম্বিনীর সখীর পরিচয় দাও।
- ঘ) 'লম্বকর্ণ' গল্পের প্রধান চরিত্র দুটির নাম লেখো। তাদের কলহের কারণ সংক্ষেপে ব্যাখ্যা করো।
- ঙ) 'নারী ও নাগিনী' গল্পে খোঁড়া শেখ শেষপর্যন্ত বিবিকে ক্ষমা করে দিল কেন?
- চ) 'গৌরাঙের বানের চে' সে বান ভালো'— বক্তা কে? মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ক) আঞ্চলিক উপন্যাসের সংজ্ঞা, বৈশিষ্ট্য নির্দেশ করে একটি সার্থক বাংলা আঞ্চলিক উপন্যাসের আলোকে ব্যাখ্যা করো।
- খ) 'স্ত্রীর পত্র' গল্পের মৃণাল চরিত্রের বিশিষ্টতার দিকগুলি পরিস্ফুট করো।
- গ) তারাশঙ্করের 'নারী ও নাগিনী' গল্পে বাস্তবতার যে ছবি ফুটে উঠেছে তা গল্পের শিল্পরূপকে কীভাবে প্রভাবিত করেছে, আলোচনা করো।
- ঘ) 'হারাণের নাতজামাই' একটি প্রতিবাদী গল্প— মন্তব্যটি কতখানি যথাযথ বলে তুমি মনে করো?